

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ট্যারিফ কমিশন  
১ম ১২ তলা সরকারি অফিস ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
www.btc.gov.bd

বাংলাদেশ ট্যারিফ কমিশনের আগস্ট ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ জহির উদ্দিন আহমেদ এনডিসি  
চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন।  
সভার তারিখ ও সময় : ০৮ আগস্ট ২০১৮, সকাল ১০ ঘটিকা।  
সভারস্থান : কমিশনের সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে কমিশনের সচিব আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিগত ১৭ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়, কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং উপস্থিত কোন সদস্যের কোন আপত্তি, পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ় (Confirm) করা হয়। কমিশনের সচিব জুলাই ২০১৮ মাসের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১. প্রশাসন উইং এর কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ :**

**১.১. প্রাপ্ত পত্র নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি :** আলোচনায় জানানো হয় যে, জুন ২০১৮ মাসে ১৩৯ টি পত্র কমিশনে পাওয়া যায় এবং সমসংখ্যক পত্র নিষ্পত্তি হয়েছে। প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নিষ্পন্ন করা হচ্ছে। প্রাপ্ত পত্রের নিষ্পত্তির ধারা অব্যাহত আছে। যে সকল পত্রাদি ০৭ দিন, ১৫ দিন এবং ৩০ দিনের অধিক সময়ের জন্য পেন্ডিং থাকবে তা সভার কার্যপত্রে উল্লেখ করতে হবে।

**১.২. জনবল সংক্রান্ত তথ্যাদি :** আলোচনায় জানানো হয় যে, বাণিজ্য মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়ার পরিপ্রেক্ষিতে সহকারী প্রধান এর ২টি পদ ব্যতিত ২টি গবেষণা কর্মকর্তা, ১টি সাঁটলিপিকার, ১টি সাঁটমুদ্রাক্ষরিক, ১টি গাড়ি চালক, ২টি নিরাপত্তা প্রহরী ও ১টি পরিচ্ছন্নতা কর্মীর শূন্য পদে নিয়োগের আবেদন On line ভিত্তিতে Teletalk Bangladesh Limited এর মাধ্যমে সম্পন্ন করার নিমিত্ত চুক্তি সম্পাদন করার জন্য ১৬ জুলাই ২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে Teletalk Bangladesh Limited এর সাথে চুক্তি সম্পন্ন করে নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**১.৩. প্রশিক্ষণ (অভ্যন্তরীণ)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য:** আলোচনায় জানানো হয় যে, জুলাই ২০১৮ মাসে কমিশনের ১২৪ জন কর্মকর্তা/কর্মচারি বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

**১.৪. প্রশিক্ষণ (আন্তর্জাতিক)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য :** আলোচনায় জানানো হয় যে, জুলাই ২০১৮ মাসে কমিশনের ০১ জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার বা কর্মশালায় অংশগ্রহণ করেন।

**১.৫. বৈদেশিক ভ্রমণ প্রতিবেদন:** আলোচনায় জানানো হয় যে, বিদেশ ভ্রমণকারী কর্মকর্তাগণ ভ্রমণ শেষে বিদেশ ভ্রমণের প্রতিবেদন অর্জিত অভিজ্ঞতা সংশ্লিষ্ট দেশের প্রোফাইল, দর্শনীয় স্থানের দৃশ্য ও বর্ণনা উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত আছে। জুলাই ২০১৮ মাসে কমিশনের ০১ জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার বা কর্মশালায় অংশগ্রহণ করেছেন। এ মাসের মধ্যে কমিশনের উপপ্রধান বেগম মাহমুদা প্রতিবেদন দাখিল করবেন।

৬

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
<b>১.৬. অডিট আপত্তি নিষ্পত্তি :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের ৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। যার মধ্যে ২টি অগ্রিম ও ১টি সাধারণ এবং জড়িত অর্থের পরিমাণ ৪১.৮০ (একচল্লিশ লক্ষ আশি হাজার) টাকা। ৩টি অডিট আপত্তির মধ্যে ১টি আপত্তির অর্থ আদায় করে পুনঃ রটশীটের জবাব ২২ মে ২০১৮ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২টি আপত্তির মধ্যে ১টি আপত্তির অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে আদায়ের কার্যক্রম অব্যাহত আছে এবং আরও ১টি আপত্তির পুনঃ জবাব আগস্ট মাসে প্রেরণ করা হবে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা
<b>১.৭. বিভাগীয় মামলা :</b>	
আলোচনায় জানানো হয় যে, ২টি বিভাগীয় মামলার মধ্যে ১টি নিষ্পত্তি হয়েছে। ১টি বিভাগীয় মামলা পুনঃ তদন্তের জন্য জনাব মোঃ মশিউল আলম, উপপ্রধানকে ০৫ মে ২০১৮ তারিখে পত্র দেয়া হয়েছে। নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তা আগস্ট ২০১৮ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।	সচিব
<b>১.৮. শাখা পরিদর্শন :</b>	
আলোচনায় জানানো হয় যে, জুলাই ২০১৮ মাসে কমিশনের বিভিন্ন শাখা/বিভাগ হতে পরিদর্শন সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর নির্দেশনা মোতাবেক শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
<b>১.৯. কমিশনের বাৎসরিক সময়াবদ্ধ কর্মপঞ্জি প্রণয়ন :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের ৩টি ফাংশনাল বিভাগ ২০১৮-১৯ অর্থ বছরের APA এর প্রমাপ অনুযায়ী কার্যাবলীর বাৎসরিক সময়াবদ্ধ কর্মপঞ্জি প্রণয়ন করেছেন। সময়াবদ্ধ কর্মপঞ্জি অনুযায়ী ফাংশনাল বিভাগ APA বাস্তবায়ন করবেন।	ফাংশনাল বিভাগ
<b>১.১০. জার্নাল ও বার্ষিক প্রতিবেদন প্রকাশনা :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের ত্রৈমাসিক জার্নাল এর ৫ম সংখ্যা ছাপানোর কাজ সম্পন্ন হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বিজি প্রেসের অফসেট শাখায় মুদ্রণের অপেক্ষায় আছে। ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আগস্ট মাসের মধ্যে তৈরি করতে হবে। প্রকাশনাগুলো দ্রুত সরবরাহের জন্য বিজি প্রেসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বিজি প্রেস হতে কমিশনের প্রকাশনা চাহিদানুযায়ী সরবরাহের নিশ্চয়তা না পাওয়া গেলে No Objection Certificate (NOC) নিয়ে নিজস্ব ব্যবস্থাপনায় মুদ্রণ ও বীধাইয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সচিব ও পিআর এন্ড পিও
<b>১.১১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন :</b>	
আলোচনায় জানানো হয় যে, ২০১৮১-৯ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাণিজ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ ট্যারিফ কমিশনের মধ্যে ১৯ জুন, ২০১৮ তারিখে স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি বাস্তবায়নের নিমিত্ত কমিশনের সদস্য শাহ মোঃ আবুরায়হান আল বেরুনীকে সভাপতি ও সিস্টেম এনালিস্টকে সদস্য-সচিব এবং প্রত্যেক ফাংশনাল বিভাগ ও প্রশাসন উইং থেকে একজন কর্মকর্তাকে সদস্য করে ১৮ জুলাই ২০১৮ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। APA এর প্রমাপ অনুযায়ী আগস্ট মাসের কার্যক্রম কার্যপত্রে উল্লেখ করবেন এবং সেপ্টেম্বরের শেষ সপ্তাহে সভা করে প্রতিবেদন তৈরি করবেন।	APA বাস্তবায়ন টিম ও সচিব
<b>১.১২. জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) প্রণয়ন ও বাস্তবায়ন :</b>	
আলোচনায় জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত কমিশনের সদস্য শাহ মোঃ আবুরায়হান আল বেরুনীকে সভাপতি ও সিস্টেম এনালিস্টকে সদস্য-সচিব এবং প্রত্যেক ফাংশনাল বিভাগ ও প্রশাসন উইং থেকে একজন কর্মকর্তাকে সদস্য করে ১৮ জুলাই ২০১৮ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি পরবর্তী কার্যক্রম শুরু করবেন।	NIS বাস্তবায়ন টিম ও সচিব



বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
<b>১.১৩. জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) নীতিমালা-২০১৫ বাস্তবায়ন :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের ICT নীতিমালা, ২০১৫ বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। কমিশনের ICT বিষয়ক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম চলমান রয়েছে। ICT বিষয়ক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে কার্যক্রম চলমান রাখবেন।	সংশ্লিষ্ট কমিটি ও সিস্টেম এনালিস্ট
<b>১.১৪. উদ্ভাবনী ধারণা সম্পর্কিত:</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতাদি বিভিন্ন ব্যাংকে Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে স্থানান্তর করার নিমিত্তি অগ্রণী ব্যাংক ২৯ জুলাই ২০১৮ তারিখে কমিশনের পত্র প্রেরণ করেছে। ইতোমধ্যে আগস্ট ২০১৮ মাসের বেতন ও ভাতাদি Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে প্রদান করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া শোকেসিং মেলায় উপস্থাপনের লক্ষ্যে নির্বাচিত উদ্ভাবনী ধারণার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন কমিশনের ইনোভেশন অফিসারকে দেখিয়ে চূড়ান্ত করা হয়েছে।	ড. মোহা. আব্দুস সালাম, যুগ্মপ্রধান, প্রশাসন উইং
<b>১.১৫. কমিশনের চলমান মামলা সংক্রান্ত :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের গাড়ি চালক জনাব মোঃ বাবুল হোসেনকে বিভাগীয় মামলায় দন্ড প্রদানের কারণে তিনি সংশ্লিষ্ট হয়ে প্রশাসনিক ট্রাইবুনাল-১ এ নং-৮৬/২০১৮ মামলা করেন। উক্ত মামলার দফাওয়ারি জবাব এবং সে সাথে কমিশনের পক্ষে প্রতিদ্বন্দিতা করার নিমিত্ত প্যানেল আইনজীবী নিয়োগ করার জন্য ২২ এপ্রিল ২০১৮ তারিখে বিজ্ঞ সলিসিটর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। মামলার পরবর্তী শুনানী ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ। কমিশনের সদস্য শাহ মোঃ আবুরায়হান আলবেরুনী মামলার বিষয়ে তদারকি করবেন।	প্রশাসন উইং
<b>১.১৬. ওয়েবসাইট এর তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণ :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের ওয়েবসাইটের তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের কাজ চলমান। গুরুত্বপূর্ণ তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। কমিশন কর্তৃক গঠিত ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত রিভিউ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম অব্যাহত আছে। রিভিউ কমিটির নিয়মিত কার্যক্রম অব্যাহত ও ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে।	ওয়েবসাইট রিভিউ কমিটি
<b>১.১৭. দাপ্তরিক ই-মেইলের ব্যবহার :</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের সকল কর্মকর্তা অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার করছেন। সভার নোটিশ ও কার্যবিবরণীসমূহ অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করা হচ্ছে। অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার এবং সভার নোটিশ ও কার্যবিবরণী সমূহ অফিসিয়াল ই-মেইল এর মাধ্যমে প্রেরণ অব্যাহত রাখতে হবে। সিস্টেম এনালিস্ট ই-মেইল ব্যবহারের সমস্যা সমাধানের উদ্যোগ নেবেন। প্রয়োজনে সবার পাসওয়ার্ড নতুন করে প্রদান করবেন।	সিস্টেম এনালিস্ট
<b>১.১৮. ই-টেন্ডারিং:</b>	
আলোচনায় জানানো হয় যে, কমিশনে ই-জিপি পদ্ধতিতে প্রকিউরমেন্টের জন্য ই-টেন্ডারিং কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত ২০১৮-১৯ অর্থ বছরে কমিশনের ক্রয় পরিকল্পনা ড. মোহাঃ আব্দুস ছালাম, যুগ্মপ্রধানকে দেখিয়ে তৈরি করবেন।	সিস্টেম এনালিস্ট।
<b>১.১৯. ই-ফাইলিং এর ব্যবহার:</b>	
আলোচনায় জানানো হয় যে, প্রত্যেকটি ই-ফাইল নিষ্পত্তির পর ইহার নোটশীট ও পত্রাদি হার্ডফাইলে সংরক্ষণ করা হচ্ছে। ৩১ জুলাই ২০১৮ মাসে রিসেন্ট ডেভলাপমেন্ট এর ওপর ১ম শিফটে কর্মকর্তা ও ২য় শিফটে ৩য় শ্রেণির কর্মচারীদেরকে ই-ফাইলের ট্রেনিং প্রদান করা হয়েছে। প্রত্যেকটি	

৩



বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
ই-ফাইল নিষ্পত্তির পর ইহার নোট শীট ও পত্রাদি হার্ডফাইলে সংরক্ষণ করতে হবে এবং a2i এর সাথে যোগাযোগ করে সমস্যা সমাধানের কার্যক্রম গ্রহণসহ দাপ্তরিক কাজে ই-ফাইলিং এর কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	সিস্টেম এনালিস্ট।

২। আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ:

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১. আলোচনায় জানানো হয় যে, BIMSTEC এর আওতায় Schedule of Tariff Concession HS 2007 হতে HS 2017 ভাসনে Transposition সংক্রান্ত কার্যাদি সম্পাদনের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরের ফাস্ট সিডিউলে ২৮টি এইচএস কোডে (৬ ডিজিট লেভেল) অসংগতি থাকায় ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত কোড অনুযায়ী BIMSTEC এর সিডিউল চূড়ান্ত করণের কাজ চলছে। এ বিষয়ে গঠিত কমিটির সভা আয়োজন করে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।	সদস্য (আস) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
২.২. আলোচনায় জানানো হয় যে, Non Agricultural Market Access (NAMA) Negotiation এবং WTO Rules বিষয়ে গত ১৩ মে ২০১৮ তারিখে বাংলাদেশ ট্যারিফ কমিশনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ইপিবি এবং বিআইডিএ সংশ্লিষ্ট কমিটির আহ্বায়কের নাম প্রেরণ করেছে। সভা আহ্বান করে বিষয়টি করতে হবে।	সদস্য (আস) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
২.৩. আলোচনায় জানানো হয় যে, বাংলাদেশ যুক্তরাষ্ট্রের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তির সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত প্রতিবেদনের কাজটি প্রাথমিক পর্যায়ে রয়েছে। এ বিষয়ে তথ্য চেয়ে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বরবর পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। চূড়ান্ত প্রতিবেদন তৈরি করতে সময় লাগবে বিধায় বিষয়টি বাণিজ্য মন্ত্রণালয়কে পত্র দিয়ে জানিয়ে দিতে হবে।	ঐ
২.৪. বাংলাদেশ হতে জিসিসি ভুক্ত ৬টি দেশের নিকট সুবিধা প্রাপ্তির DFQF পণ্য তালিকা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে গত ১৯ জুলাই তারিখে অংশীজনদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে অংশীজন হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে পণ্য তালিকা যথাশীঘ্র চূড়ান্ত করা হবে। যৌক্তিক সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ঐ
২.৫. বিশ্ব বাণিজ্য সংস্থার পেন্ডিং নোটিফিকেশন হালনাগাদকরণের বিষয়ে খসড়া মতামত প্রণয়নের কাজ চলছে। এ মাসের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ঐ
২.৬. বাংলাদেশ থাইল্যান্ড মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের কাজটি প্রাথমিক পর্যায়ে রয়েছে। এ বিষয়ে বাংলাদেশ ট্যারিফ কমিশন হতে তথ্য চাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক হতে সেবা বাণিজ্য সংক্রান্ত তথ্য পাওয়া গিয়েছে। যৌক্তিক সময়ের মধ্যে মতামত প্রেরণ করতে হবে।	ঐ
২.৭. D-8 PTA অনুসারে Concession list of Products চূড়ান্ত করণের তালিকাটি হালনাগাদ করণের কাজ চলমান রয়েছে। দু'মাসের মধ্যে বিষয়টি নিষ্পত্তিকরতে হবে।	ঐ
২.৮. অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ এর ইংলিশ ভার্সনের জন্য তথ্য সংকলনের কাজ চলছে। যৌক্তিক সময়ের মধ্যে মতামত প্রেরণ করতে হবে।	ঐ
২.৯. বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত “ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট কো অপারেশন ফোরাম এগ্রিমেন্ট (টিকফা)” এর আওতায় গঠিত টিকফা ফোরামের ৪র্থ সভার আলোচ্য বিষয় সংক্রান্ত প্রস্তাব প্রণয়নের কাজটি প্রাথমিক পর্যায়ে রয়েছে। যৌক্তিক সময়ের মধ্যে মতামত প্রেরণ করতে হবে।	ঐ

১



বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১০. বাংলাদেশের সাথে বেলারুশ, লাটভিয়া ও লিথুনিয়ার Foreign Office Consultation এর জন্য ইনপুট প্রেরণ সংক্রান্ত কাজটি প্রাথমিক পর্যায়ে রয়েছে। <b>যৌক্তিক সময়ের মধ্যে মতামত প্রেরণ করতে হবে।</b>	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.১১. COMCEC Project Funding-এর আওতায় দাখিলের জন্য প্রকল্প প্রস্তুত সংক্রান্ত কাজটি প্রাথমিক পর্যায়ে রয়েছে। <b>আগামি সপ্তাহের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</b>	ঐ

৩। বাণিজ্য প্রতিবিধান বিভাগ :

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.১. আলোচনায় জানানো হয় যে, এন্টি-ডাম্পিং, কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা সেমিনারের আয়োজন কার্যক্রম কর্মপঞ্জি অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে। <b>APA এর প্রমাপ অনুযায়ী সেমিনারের আয়োজন অব্যাহত রাখতে হবে।</b>	সদস্য (বাপ্র) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৩.২. আলোচনায় জানানো হয় যে, এন্টি-ডাম্পিং, কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা প্রশিক্ষণের আয়োজন কর্মপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের কার্যক্রম শুরু হয়েছে। <b>APA এর প্রমাপ অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখতে হবে।</b>	ঐ
৩.৩. আলোচনায় জানানো হয় যে, Manual on procedural and substantive issues of Anti-dumping duties সংক্রান্ত ম্যানুয়েল প্রস্তুতকরণের কার্যক্রম কর্মপঞ্জি অনুযায়ী শুরু হয়েছে। <b>APA এর প্রমাপ অনুযায়ী ম্যানুয়েল প্রস্তুতকরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</b>	ঐ
৩.৪. আলোচনায় জানানো হয় যে, পাকিস্তানের ন্যাশনাল ট্যারিফ কমিশন বাংলাদেশ থেকে হাইড্রোজেন পার-অক্সাইডের আমদানির ওপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। এ সিদ্ধান্তের বিরুদ্ধে পাকিস্তানের আপীলাত ট্রাইব্যুনালে রপ্তানিকারকবৃন্দ আপীল দায়ের করেছে। ট্রাইব্যুনালে আপীলের শুনানী চলমান রয়েছে। <b>বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।</b>	ঐ
৩.৫. আলোচনায় জানানো হয় যে, ভারত সরকার কর্তৃক বাংলাদেশ হতে আমদানীকৃত হাইড্রোজেন পার-অক্সাইডের ওপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপের বিষয়ে গত ১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে আপিল পরবর্তী শুনানীতে রপ্তানিকারক ও সরকারের পক্ষ হতে অংশগ্রহণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের উপর আরোপিত শুল্ক হার পরিবর্তন হয়নি। মিডটার্ম রিভিউ এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য কমিশন হতে গত ২৮ জুন ২০১৮ তারিখে স্টেকহোল্ডারদের পত্র প্রেরণ করা হয়েছে। <b>বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।</b>	ঐ
৩.৬. আলোচনায় জানানো হয় যে, বাংলাদেশ হতে পাটপণ্য আমদানির ওপর ভারত সরকার এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। বাংলাদেশ সরকারের পক্ষ হতে রিভিউ করার জন্য বাংলাদেশ ট্যারিফ কমিশন হতে স্টেকহোল্ডারদের নিকট তথ্য-উপাত্ত চাওয়া হয়। প্রয়োজনীয় তথ্য-উপাত্ত না পাওয়ায় কমিশনের পক্ষে রিভিউ করা সম্ভব হচ্ছে না মর্মে ৩০ এপ্রিল ২০১৮ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন পাঠানো হয়েছে। <b>বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।</b>	ঐ
৩.৭. আলোচনায় জানানো হয় যে, বাংলাদেশ হতে রপ্তানীকৃত সিনথেটিক সূতা (Yarn/Thread of Synthetic Staple Fiber) এর ওপর তুরস্ক কর্তৃক এন্টি-ডাম্পিং মেজার্সের Circumvention তদন্তের বিষয়ে এন্টি-ডাম্পিং শুল্কের সারকামভেনশন তদন্তের প্রশ্নমালা পূরণ করে তুরস্ক সরকারের নিকট জমা দেওয়ার সময়সীমা ১৯ ফেব্রুয়ারি ২০১৮ শেষ হয়েছে। কমিশনের পক্ষ হতে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। তুরস্কে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত কর্তৃক ল ফার্ম নিয়োগের পরামর্শটি স্টেকহোল্ডারবৃন্দকে জানানো হয়েছে। <b>নিয়মিত মনিটরিং করতে হবে।</b>	ঐ

✓



বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.৮.বাংলাদেশ হতে আমদানিকৃত সেকিং ক্লথ এর ওপর ভারত সরকার কর্তৃক এন্টি-সারকামভেনশন তদন্ত বিষয়ে পরবর্তি করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে ১০ এপ্রিল বাংলাদেশ ট্যারিফ কমিশনে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিকট পাঠানো হয়েছে এবং সভার সিদ্ধান্তমতে কমিশন হতে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়মিত মনিটরিং করতে হবে।	সদস্য (বাপ্র) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৩.৯.দেশীয় বৈদ্যুতিক শিল্প খাতের সুরক্ষানীতির আলোকে H.S Code 8536.50.00, 8536.61.00, 8536.69.00, 8538.90.10, 8538.90.90 এবং 3926.90.99 এর বিপরীতে আমদানিকৃত পণ্যাদির ক্ষেত্রে আমদানি পর্যায়ে “Anti Dumping Duty” আরোপকরণের জন্য বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্টাইস ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন এর বিষয়ে এন্টি ডাম্পিং কেইস হিসেবে বাণিজ্য প্রতিবিধান বিভাগ কার্যক্রম গ্রহণ করবে।	ঐ
৩.১০.নিউ শিপার রিভিউ (New Shipper Review) সংক্রান্ত বিষয়ে জনতা জুট মিলস লিঃ, আমান জুট ফাইবার্স ও আইবি জুট কর্পোরেশন, নাটোর জুট মিলস ও পিএনপি জুট ড্রেডিং এলএলসি, রোমান জুট মিলস ও এসএমপি ইন্টারন্যাশনাল এলএলসি, আজিজ ফাইবার্স লি: ভারতীয় কর্তৃপক্ষের নিকট নিউ শিপার রিভিউ এর জন্য আবেদন দাখিল করেছে। আগামী ৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে জনতা জুট মিলস লি: এর আবেদনের ওপর শুনানি অনুষ্ঠিত হবে যা প্রতিষ্ঠানটিকে জানানো হয়েছে। নিয়মিত মনিটরিং করতে হবে।	ঐ
৩.১১.উচ্চপ্রযুক্তি সম্পন্ন স্থানীয় ইলেকট্রিক পণ্য প্রস্তুতকারী শিল্প রক্ষার্থে এইচএস কোড ৮৫২৯.৯০.৪১ এর আওতাভুক্ত পণ্য টেলিভিশনের প্যানেলের ওপর আমদানী পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি আরোপের জন্য নির্ধারিত প্রশ্নমালা পূরণ করে প্রেরণের জন্য গত ২৩ জুলাই ২০১৮ তারিখে সংশ্লিষ্ট এসোসিয়েশনকে পত্র প্রেরণ করা হয়েছে। পরিদর্শন করে তথ্য সংগ্রহ করতে হবে।	ঐ
৩.১২.স্থানীয় বৈদ্যুতিক শিল্পখাতের স্বার্থে এইচএস কোড ৮৫৩৬.৫০.০০, ৮৫৩৬.৬১.০০, ৮৫৩৬.৬৯.০০, ৮৫৩৬.৯০.১০, ৮৫৩৬.৯০.৯০ এবং ৩৯২৬.৯০.৯৯ এর বিপরীতে আমদানীকৃত পণ্যাদির ওপর এন্টি-ডাম্পিং ডিউটি আরোপের জন্য নির্ধারিত প্রশ্নমালা পূরণ করে প্রেরণের জন্য গত ২৩ জুলাই ২০১৮ তারিখে সংশ্লিষ্ট এসোসিয়েশনকে পত্র প্রেরণ করা হয়েছে। নিয়মিত মনিটরিং করতে হবে।	ঐ
৩.১৩.স্থানীয় ইলেকট্রিক পণ্য প্রস্তুতকারী শিল্পরক্ষার্থে কতিপয় এইচএস কোড ৮৫৩৬.৫০.০০, ৮৫৩৬.৬১.০০, ৮৫৩৬.৬৯.০০, ৮৫৩৬.৯০.১০ এবং ৮৫৩৬.৯০.৯০ সমূহের আওতাভুক্ত পণ্যসমূহ সুইচ, সকেট, ল্যাম্প হোল্ডার এবং এতদসমূহ যন্ত্রাংশের ওপরে আমদানি পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি আরোপের জন্য নির্ধারিত প্রশ্নমালা পূরণ করে প্রেরণের জন্য গত ১৬ জুলাই ২০১৮ তারিখে সংশ্লিষ্ট এসোসিয়েশনকে পত্র প্রেরণ করা হয়েছে। নিয়মিত মনিটরিং করতে হবে।	ঐ

৪। বাণিজ্য নীতি বিভাগ :

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.১.থ্রি হইলার অটোরিক্সা উৎপাদন খাতে ভ্যাট রেজিষ্টার্ড প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত যন্ত্রপাতি এ কাঁচামাল আমদানি শুল্ক হ্রাসের আবেদন এর বিষয়ে তথ্য উপাত্ত চওয়া হয়েছে। সভা আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	সদস্য (বাপ্র) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৪.২.আমদানিকৃত Waste & Scrap of Tinned Iron or Steel ছাড়করণের জন্য ক্লিয়ারেন্স পারমিট (CP) প্রদানের আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের লক্ষ্যে প্রতিষ্ঠানটি পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন করা হবে। যৌক্তিক সময়ের মধ্যে বিষয়টি নিষ্পন্ন করতে হবে।	ঐ

১

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.৩.সী পার্ল বীচ রিসোর্ট এন্ড স্পা লিঃ এর অনুকূলে বিশেষ বিবেচনায় ১০ বছরের জন্য কর অব্যাহতি সুবিধা প্রদানের আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। বিষয়টি কমিশনের কাজ নয় বিধায় পত্র দিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জানিয়ে দিতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৪.৪.পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন রপ্তানির বিপরীতে ভর্তুকি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো হতে সনদ ইস্যু সংক্রান্ত বিষয়টি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের লক্ষ্যে ০৪ জুলাই ২০১৮ তারিখে ইপিবিতে পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টি মনিটরিং করতে হবে।	ঐ
৪.৫.২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে দেশীয় শিল্প প্রতিরক্ষণের জন্য দেশীয় শিল্পের উৎপাদিত পণ্যের সমজাতীয় পণ্য জিপসাম বোর্ড ও শীট এর আমদানি পর্যায়ে (এইচ এস কোড: ৬৮০৮.০০.০০, ৬৮০৯.১১.০০ এবং ৬৮০৯.১৯.০০) এর ট্যারিফ মূল্য অথবা সম্পূরক শুল্ক আরোপ অথবা রেগুলেটরি ডিউটি বৃদ্ধিকরণের সুপারিশ জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের লক্ষ্যে ১২ আগস্ট প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হবে। যৌক্তিক সময়ের মধ্যে বিষয়টি নিষ্পন্ন করতে হবে।	ঐ

৫. অত্যাবশ্যকীয় পণ্যমূল্য মনিটরিং সেলের কার্যক্রম : আলোচনায় জানানো হয় যে, অত্যাবশ্যকীয় পণ্য মনিটরিং কার্যক্রম জোরদার করা সহ অত্যাবশ্যকীয় দ্রব্যমূল্যের বিষয়ে প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিতভাবে প্রেরণের কার্যক্রম অব্যাহত রয়েছে। অত্যাবশ্যকীয় দ্রব্যমূল্যের বিষয়ে কোন পরিবর্তন পরিলক্ষিত হলে যথাশীঘ্র উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হচ্ছে। প্রদেয় তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করে নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। পণ্য মনিটরিং কার্যক্রম ধারা অব্যাহত রাখতে হবে।

#### ৬. বিবিধ:


(ক) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় টিসিবির মিলনায়তনে (কোরওয়ান বাজার, ঢাকা) কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারিকে উপস্থিত থাকার জন্য নোটিশ জারি করতে হবে।

(খ) যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা বন্ধ করা সহ অফিস কক্ষ, করিডোর, খোলা জায়গা ইত্যাদি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

(খ) অত্যাবশ্যকীয় পণ্য মনিটরিং ও পরিকল্পনা সেল এর জন্য জনবলের চাহিদা নিরূপণ করে কমিশনের যুগ্মপ্রধান ড. মোহাঃ আব্দুস ছালাম প্রস্তাব তৈরি করবেন।

(গ) প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর বিষয়ে ট্রাস্টি বোর্ড সভা করে সঞ্চয়ী হিসাবে জমাকৃত অর্থ বিনিয়োগের ব্যবস্থাসহ কর্মচারীদের সিপিএফ এর বাৎসরিক হিসাব প্রদান করতে হবে।

৭. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
২৬/০৮/২০১৮  
(মোঃ জাহির উদ্দিন আহমেদ এনজিপি)  
চেয়ারম্যান  
বাংলাদেশ ট্যারিফ কমিশন।